রাজশাহী বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তিনং- ০২/২০১৬ তারিখ: ১৭/১০/২০১৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত পদগুলির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আগামী ২৩/১০/২০১৬ তারিখ থেকে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য	বয়সসীমা	বেতনস্কেল ২০১৫ অনুযায়ী	পদ সংখ্যা
১.	**ক. ক্যাটালগার** **খ. বিবলিও গ্রাফার কাম-রেফারেন্স সহকারী**	প্রার্থীকে স্নাতক পাশসহ তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। তবে সকল পরীক্ষার ফলাফল দ্বিতীয় বিভাগ বা CGPA ২.৫ এর উপরে হতে হবে এবং স্নাতক পরীক্ষার ফলাফল দ্বিতীয় বিভাগ বা CGPA ২.০ এর উপরে হতে হবে। কম্পিউটার এম.এস. অফিস এবং ইন্টারনেট ব্যবহারে জ্ঞান আবশ্যক। আই.এল.এস. কাজে বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীদের কর্মদক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। **শর্তসমূহ:** ক. গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন কাজ করতে সম্মত থাকতে হবে। খ. গ্রন্থাগারের শিফটিং ডিউটি এবং ডে-অফ ডিউটি করতে সম্মত থাকতে হবে।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ১১০০০/--২৬৫৯০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৩তম গ্রেড।	ক. ০১টি খ. ০২টি
২.	**ডাটা এন্ট্রি অপারেটর**	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে, তবে সকল পরীক্ষার ফলাফল দ্বিতীয় বিভাগ বা CGPA ২.০ এর উপরে হতে হবে। প্রার্থীকে প্রয়োজনবোধে লিখিত, ব্যবহারিক/ কর্মদক্ষতা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতি মিনিটে বাংলা ন্যূনতম ২০ শব্দ এবং ইংরেজি ন্যূনতম ২৫ শব্দ কম্পিউটারে টাইপ করতে জানতে হবে। ইমেজ এডিটিং সফটওয়্যারের দক্ষতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ১০২০০/--২৪৬৮০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৪তম গ্রেড।	২০টি
৩.	**গ্রন্থাগার সহকারী**	এইচ.এস.সি/সমমান পাশসহ তথ্য ও গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। তবে সকল পরীক্ষার ফলাফল দ্বিতীয় বিভাগ বা CGPA ২.০ এর উপরে হতে হবে। কম্পিউটার এম.এস. অফিস এবং ইন্টারনেট ব্যবহারে বাস্তব জ্ঞান থাকতে হবে।আই.এল.এস. কাজে বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীদের কর্মদক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। **শর্তসমূহ:** ক. গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন কাজ করতে সম্মত থাকতে হবে। খ. গ্রন্থাগারের শিফটিং ডিউটি এবং ডে-অফ ডিউটি করতে সম্মত থাকতে হবে।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ৯৭০০/--২৩৪৯০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৫তম গ্রেড।	০৪টি
৪.	**প্রেস মেশিনম্যান**	শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ। অফসেট প্রিন্টিং মেশিন ও প্লেট এক্সপোজ মেশিন চালানো, পেস্টিং, প্লেট মেকিংসহ সংশ্লিষ্ট কাজের ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ৯৩০০/--২২৪৯০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৬তম গ্রেড।	০১টি

৫.	**ক. রাজমিস্ত্রি** **খ. কাঠমিস্ত্রি**	ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বীকৃত কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র হতে SEIP (Self Employment Investment Program) / STEP (Skilled Training Enhancement Project) কর্মসূচীর আওতায় সনদপ্রাপ্ত হতে হবে।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ৯০০০/--২১৮০০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৭তম গ্রেড।	ক. ০১টি খ. ০৪টি
৬.	**ক. রাজমিস্ত্রি সাহায্যকারী** **খ. ইলেকট্রিক মিস্ত্রি হেলপার** **গ. বুক বাউন্ডার**	ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।	টাকা ৮৮০০/--২১৩১০/-{চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৮তম গ্রেড।	ক. ০১টি খ. ০১টি গ. ০৩টি

শর্তসমূহ:

১। আগ্রহী প্রার্থীগণকে www.ru.ac.bd সাইটের মাধ্যমে ২৩/১০/২০১৬ (সকাল ১০:০০) হতে ০৬/১১/২০১৬ (রাত ১১:৫৯ মিনিট) তারিখের মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে। দরখাস্তের নিয়মাবলী এবং নিয়োগদান পদ্ধতির বিস্তারিত বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। দরখাস্তের প্রয়োজনীয় ফি (জাতীয় বেতনস্কেলের গ্রেড ১১-১৬ এর ফি ২২০.০০ টাকা, গ্রেড ১৭-২০ এর জন্য ১১০.০০ টাকা) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে প্রদান পূর্বক প্রাপ্ত Transaction ID ব্যবহার করে দরখাস্ত করা যাবে। একই প্রার্থী একাধিক পদে দরখাস্ত করতে চাইলে আলাদা ফি প্রদান করে আলাদাভাবে দরখাস্ত সম্পন্ন করতে হবে। প্রার্থীর ছবি ও স্বাক্ষরসহ অন্যান্য তথ্য সঠিকভাবে প্রদানের মাধ্যমে দরখাস্ত সম্পন্ন করলে Application ID সম্বলিত ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট নিয়ে প্রার্থী তা নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন। পরবর্তীতে Transaction ID ওApplication ID ব্যবহার করে ওয়েবসাইট সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। প্রার্থীর ছবি 300×৪০০ পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 100KB এর বেশি হবে না। স্বাক্ষরের ক্ষেত্রে 300×৮০ পিক্সেল সাইজের JPG ফরমেটে হবে এবং এর ফাইল সাইজ 60KB এর বেশি হবে না।

৩। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ক্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। প্রার্থীকে লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক/কর্মদক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার কাগজপত্রাদি এবং জাতীয় পরিচয়পত্রের কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র প্রাথমিক দরখাস্তের সাথেই ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৫। প্রাথমিক পরীক্ষায় (লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও কর্মদক্ষতা) অংশগ্রহণের প্রবেশপত্র নির্দিষ্ট সময়ে ওয়েবসাইট থেকে ডাউন লোড করে কালার প্রিন্ট নিতে হবে।

৬। প্রযোজ্য পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।

৭। প্রার্থীকে লিখিত, কর্মদক্ষতা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেওয়া হবে না। প্রার্থীদের সাথে সকল প্রকার যোগাযোগ SMS ও ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করা হবে।

৮। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিভিন্ন শর্তাবলী শিথিলযোগ্য। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

৯। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে পিতা/মাতার মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

(ড. মুহাম্মদ এন্তাজুল হক)
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী।